অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মোতাবেক

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

**মোকাম, বিজ্ঞ জজ, অর্থঋণ আদালত, মুন্সিগঞ্জ।**

**অর্থজারী মোকদ্দমা নং-০৬/২০২৪**

**(উদ্ভুতঃ অর্থজারী মোকদ্দমা নং-১৩৪/২০২২)**

**বেসিক ব্যাংক লিমিটেড, দিলকুশা শাখা,** ঢাকা, ১৪, দিলকুশা বানিজ্যিক এলাকা, থানা-মতিঝিল, জেলা-ঢাকা-১০০০, পক্ষে ইহার মহাব্যবস্থাপক প্রতিনিধিত্ব করেন। **.......ডিক্রীদার।**

**-ঃ বনাম ঃ-**

**(১) "মেসার্স সৈয়দ রিয়েল এষ্টেট এন্ড ডেভেলপারস লিমিটেড"** ব্যবস্থাপনা পরিচালক-সৈয়দ হামদুজ্জামান বাবলু, ২২১/১, ভাষানটেক (২য় তলা), ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। এবং এ্যাপার্টমেন্ট নং-৪-ডি, বাড়ি নং-২৩/এ, রোড নং-২, বনানী ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। এবং বাড়ি নং-৫৩/এ, রোড নং-২, বনানী ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। **(২) সৈয়দ হামদুজ্জামান বাবলু,** পিতা-সৈয়দ এরশাদুজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক-"মেসার্স সৈয়দ রিয়েল এষ্টেট এন্ড ডেভেলপারস লিমিটেড" এ্যাপার্টমেন্ট নং-৪-ডি, বাড়ি নং-২৩/এ, রোড নং-২, বনানী ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। এবং বাড়ি নং-৫৩/এ, রোড নং-২, বনানী ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। এবং বাড়ি নং-৪৭৩ (৩য় তলা), রোড নং-৮, বারিধারা ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা। এবং গ্রাম-বেলতৈল খায়ের পাড়া, ডাকঘর-বেতৈতেল বাজার, থানা-মেলান্দহ, জেলা-জামালপুর। **(৩) সৈয়দা রোজিনা জামান,** স্বামী-সৈয়দ হামদুজ্জামান বাবলু, চেয়ারম্যান-"মেসার্স সৈয়দ রিয়েল এষ্টেট এন্ড ডেভেলপারস লিমিটেড" এ্যাপার্টমেন্ট নং-৪-ডি, বাড়ি নং-২৩/এ, রোড নং-২, বনানী ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। এবং বাড়ি নং-৫৩/এ, রোড নং-২, বনানী ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। এবং বাড়ি নং-৪৭৩ (৩য় তলা), রোড নং-৮, বারিধারা ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা। এবং গ্রাম-বেলতৈল খায়ের পাড়া, ডাকঘর-বেতৈতেল বাজার, থানা-মেলান্দহ, জেলা-জামালপুর। **(৪) সৈয়দ মাহবুবুল গনি,** পিতা-মৃত সৈয়দ আবদুর রাকিব, গ্রাম-বোজরাপুর, ডাকঘর-জামালপুর, থানা-জামালপুর সদর, জেলা-জামালপুর। **.......দায়িকগণ।**

এতদ্বারা ডিক্রিদারের প্রাপ্য ১১-০৪-২০২২ ইং তারিখে পর্যন্ত **২৮,৭৪,৩৩,৯৮৫.১৪ (আঠাশ কোটি চুয়াত্তর লক্ষ তেত্রিশ হাজার নয়শত পঁচাশি দশমিক এক চার) টাকা** আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তিসহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। **আগামী ১১/০২/২০২৬ ইং** তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

**-ঃ নিলামের শর্তাবলী ঃ-**

১। **আগামী ১১/০২/২০২৬ ইং** তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রী ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতা বা দরপত্র দাতার নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করত হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ **জজ অর্থঋণ আদালত, মুন্সিগঞ্জ** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তাহা করতে ব্যর্থ হলে তাহার উপরোক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন **অর্থাৎ ১১/০২/২০২৬ ইং তারিখ** বিকাল ০২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হইবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লীবিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রিদার/কোম্পানী এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপুরন সাপেক্ষে তফসিলে বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রিদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষন করেন।

**-তফসিল-**

জেলা-মুন্সিগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস-শ্রীনগর, মৌজা-হাঁসাড়া, জে.এল. নং-সাবেক-৭৯, আর.এস.-১৪, খতিয়ান নং-সি.এস-২৮৫৮, এস.এ.-২৩৩৮, আর.এস.-৫৬৯, নামজারী-৬০৪০ ও ৬০২৯, দাগ নং-সি.এস. ও এস.এ.-৩৬৩৪ ও ৩৬৩৩, আর.এস.-৫৬৬০, মোট জমির পরিমান-১১.৭৫ (এগার দশমিক সাত পাঁচ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মতব্য যাবতীয় স্থপনা। যাহার চৌহদ্দি ঃ-ফায়াকুজ্জামান, দক্ষিণে-ফায়াকুজ্জামান, পূর্বে-ফায়াকুজ্জামান, পশ্চিমে-আর.এস. দাগ নং-৫৫৭১।

**আদেশক্রমে- সেরেস্তাদার, জজ, অর্থঋণ আদালত, মুন্সিগঞ্জ।**

প্রকাশ তারিখঃ ১২/০১/২০২৬

১। কালবেলা

২। ভোরের ডাক